

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৫ম আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতা ২০১৯ এর শুভ উদ্বোধন



১৩ জানুয়ারি, ২০১৯ রবিবার সকাল ১১ ঘটিকায় ক্রীড়া উপ-কমিটি (ক্রিকেট), জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর আয়োজনে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে (ধূপখোলা মাঠ) জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৫ম আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতা ২০১৯ এর শুভ উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এসময় ক্রীড়া উপ-কমিটি (ক্রিকেট) এর আহবায়ক ড. মোহাম্মদ আব্দুল বাকী এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ক্রীড়া কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোহাঃ আলী নূর। উল্লেখ্য ৫ম আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতায় ৩৬ টি বিভাগ অংশগ্রহণ করছে এবং প্রতিযোগিতাটি আগামী ৫ ফেব্রুয়ারি পর্যন্ত অনুষ্ঠিত হবে।